কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্যের প্রি-এন্ট্রি ইনপুট সিস্টেম (Q-code)

- কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য আগে থেকেই ইনপুট করুন এবং QR কোড দিয়ে খুব সহজে এবং দ্রুত প্রবেশ করুন -

কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্যের প্রি-এন্ট্রি সিস্টেম (Q-code) কোরিয়াতে প্রবেশ করার জন্য প্রয়োজনীয় কোয়ারেন্টাইন সংক্রান্ত অনুসন্ধানের সময়কে সংক্ষিপ্ত করার জন্য এবং বিদেশী ভ্রমণকারীদের সুবিধাগুলো প্রচারের উদ্দেশ্যে ডিজাইন করা হয়েছে।

আপনি যদি Q-code ওয়েবসাইটের মাধ্যমে আগে থেকেই কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য দিয়ে থাকেন, তাহলে আপনি একটি QR কোড পাবেন এবং প্রবেশের সময় কোয়ারেন্টাইন অফিসারকে সেটি দেখলে আপনি দ্রুত কোয়ারেন্টাইন চেকপয়েন্ট দিয়ে যেতে পারবেন।

❖ রেজিস্ট্রেশন প্রক্রিয়ার ধাপ ❖

① শর্তাবলীতে সম্মত হোন ▶ ② ইমেইল অ্যাড্রেস দিন ▶ ③ পাসপোর্টের তথ্য দিন ▶ ④ আপনার ইমিগ্রেশন এবং বাসস্থানের তথ্য দিন ▼

⑤ কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য লিখুন ◀ ⑥ স্বাস্থ্যের অবস্থা লিখুন ◀ ⑦ ইনপুট করা তথ্য যাচাই করুন ◀ ⑧ QR কোড ইস্যু করুন

※※ আপনি যদি মিথ্যা বা ভুল তথ্য দেন, তাহলে আপনাকে সংশ্লিষ্ট আইন অনুযায়ী শাস্তি দেওয়া হতে পারে বা দেশে প্রবেশের ক্ষেত্রে বাধা দেওয়া হতে পারে।

প্রবেশ করার আগে

- **Q-code-এ যান (https://cov19ent.kdca.go.kr)**
  - বোর্ডিংয়ের আগে অনুগ্রহ করে একটি বৈধ পাসপোর্ট এবং বিমানের টিকিট তৈরি রাখুন।

বোর্ডিংয়ের আগে

- **পাসপোর্ট, প্রবেশ/বাসস্থান, টিকা, এবং স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দিন**
  - আপনি অস্থায়ীভাবে সমস্ত তথ্য ইনপুট পর্যায়ে সংরক্ষণ এবং এডিট করতে পারবেন।
- প্রদত্ত তথ্য নিশ্চিত করে **QR কোড** পান।
  - QR কোড ইস্যু হওয়ার পরে শুধুমাত্র স্বাস্থ্য সংক্রান্ত তথ্য পরিবর্তন করা যাবে।

পৌঁছানোর পর

- **কোয়ারেন্টাইন অফিসারকে QR কোডটি দেখান**
  - কাগজে প্রিন্ট করা বা কোনো ইলেকট্রনিক ডিভাইসে ক্যাপচার করা যেকোনো QR কোড গ্রহণ করা হয়।
  - আপনি তাৎক্ষণিকভাবে কোয়ারেন্টাইন পরিষেবা পেতে পারেন।